

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি দপ্তর

\*\*\*\*\*

স-৪৫৮১(আগরতলা ১৬।১)  
শান্তিরবাজার, ১৬ জানুয়ারি, ২০২৪

প্রধানমন্ত্রী জনমন প্রকল্প

শান্তিরবাজারে লাভার্থীদের মতবিনিময় সমাবেশ

প্রধানমন্ত্রী জনমন প্রকল্পের মাধ্যমে দেশের পিছিয়ে পড়া ৭৫টি আদিবাসী জনজাতি গোষ্ঠীর আর্থ সামাজিক মানোন্নয়নে কাজ করছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এরফলে দেশের ৭ লক্ষ জনজাতি পরিবার উপকৃত হবে। গতকাল শান্তিরবাজার মহকুমার তৈকর্ম দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে প্রধানমন্ত্রী জনমন প্রকল্পের লাভার্থীদের মতবিনিময় সমাবেশে কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক একথা বলেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, বিধায়ক প্রমোদ রিয়াৎ, বিধায়ক মাইলাফু মগ, বিকশিত ভারত সংকল্প যাত্রা কর্মসূচির দক্ষিণ ত্রিপুরা জেলার অবজারভার নীরজ আগরওয়াল প্রমুখ।

অনুষ্ঠানে কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক বলেন, প্রধানমন্ত্রী জনমন কর্মসূচিতে পিছিয়েপড়া জনজাতি গোষ্ঠীর আর্থ সামাজিক মানোন্নয়নে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ২৪ হাজার ১০৪ কোটি টাকা বরাদ্দ করেছেন। কর্মসূচিতে রাজ্যের ২ লক্ষ ১২ হাজার ৫০৯ জন ব্রু জনজাতির মানুষও উপকৃত হবেন। বিকশিত ভারত সংকল্প যাত্রা এবং প্রধানমন্ত্রী জনমন কর্মসূচির মাধ্যমে মাত্র ৪৫ দিনের মধ্যে দেশের ১ লক্ষ পরিবারকে পাকাবাড়ি, ২৬ হাজার ৯০৮টি বসতি এলাকার রাস্তা সংস্কারের জন্য টাকা মঞ্চুর করা হয়েছে। তাছাড়া ৭২ হাজার ১৪১ জনের আধার লিঙ্ক, ৮২ হাজার ৪১৭ জনের আয়ুষ্মান কার্ড, ২৬ হাজার ৬৬৮ জনকে প্রধানমন্ত্রী কিষাণ ক্রেডিট কার্ড, ৫০ হাজার মানুষকে এসটি কার্ড এবং ৩২ হাজার মানুষকে রেশন কার্ড দেওয়া হয়েছে। নতুনভাবে ৩০০টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র খোলা হয়েছে। ভারত এক শক্তিশালী দেশ হিসেবে পরিণত হওয়ার দিশায় এগিয়ে চলছে। সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেন, প্রধানমন্ত্রী জনমন যোজনা রাজ্যের ব্রু জনজাতি মানুষের উন্নয়নে এক ঐতিহাসিক পদক্ষেপ। এ যোজনার সুযোগ নিতে তিনি সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানিয়েছেন। অনুষ্ঠানে সবাইকে স্বাগত জানিয়ে বক্তব্য রাখেন দক্ষিণ ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক সুব্রত রিয়াৎ।

অনুষ্ঠানে মধ্য কাঁঠালিয়া এডিসি ভিলেজের ১৬ জন জনজাতি মানুষের হাতে নানা প্রকল্পের সুবিধা সম্বলিত শংসাপত্র তুলে দেওয়া হয়। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তর থেকে মোট ১৮ জন দিব্যাঙ্গজনের হাতে চলন সামগ্রী তুলে দেন কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক এবং সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। অনুষ্ঠানে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর থেকে ১২৫টি পরিবারের মধ্যে নানা জাতের সবজির চারা, বন দপ্তর থেকে ৪০০টি নানা জাতের গাছের চারা বিতরণ করা হয়। ১৬টি সরকারি দপ্তর এই অনুষ্ঠানে প্রদর্শনী মন্ডপ খুলে জনসাধারণের মধ্যে নানা পরিমেবা প্রদান করে।

\*\*\*\*\*